# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২১১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ দুনিয়াতে যখন সম্পদের প্রাচুর্য প্রদান করা হবে, তখন মানুষের জন্য আবশ্যক হলো দুনিয়া ও তার বিপদ থেকে নিজেকে হেফাযত করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ حَفِظِ نَفْسِهِ عَنِ الدُّنْيَا وَآفَاتِهَا عِنْدَ انْبِسَاطِهِ فِي الأموال

---

আরবী

3211 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي مَسْلَمَةَ سَعِيدِ بْنِ يَزِيدَ عَنْ أَبِي نَضْرَةَ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الدُّنْيَا خَضِرَةٌ حُلْوَةٌ وَإِنَّ اللَّهَ سَيُخْلُفُكُمْ فِيهَا لِيَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ فَاتَّقُوا الدُّنْيَا وَاتَّقُوا النِّسَاءَ فَإِنَّ أَوَّلَ فتنة بني إسرائيل كانت النساء)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3211 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (486 و 911): م.

বাংলা

৩২১১. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “নিশ্চয়ই দুনিয়া সবুজ-শ্যামল, সুমিষ্ট। আর নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে তাতে স্থলাভিষিক্ত করবেন এটা দেখার জন্য যে, তোমরা কেমন আমল করো। অতএব তোমরা দুনিয়ার (প্রলোভনের) ব্যাপারে সতর্ক থাকবে এবং নারীদের (প্রলোভনের) ব্যাপারে সতর্ক থাকবে । কেননা বানী ইসরাঈলের প্রথম ফিতনার সূত্রপাত হয়েছিল, নারীকে কেন্দ্র করে।”[1]

ফুটনোট

[1] নাসাঈর বরাতে তুহফাতুল আহওয়াযী: ৩/৪৬৩; সহীহ মুসলিম: ২৭৪২; মুসনাদুশ শিহাব: ১১৪২; মুসনাদ

আহমাদ: ৩/২২; তিরমিযী: ২১৯১; ইবনু মাজাহ: ৪০০০; আবূ ইয়ালা: ১১০১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন